



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd/



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ময়মন-৫৭/২০১৬/১০৫৬৪

তারিখঃ ১৯ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
০৩ আগষ্ট, ২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

কাতুলী এমদাদিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: কাতুলী, উপজেলা: ফুলপুর, জেলা: ময়মনসিংহ এর ফাজিল স্নাতক (বি.এ/বি.এস.এস) স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের আবেদন ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির স্নাতক (বি.এ/বি.এস.এস) স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২২ খ্রিঃ তারিখ থেকে ৩০.০৬.২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহঃ

১. নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শন ও ফাইলে সংরক্ষণ করতে হবে।
২. ছাত্র-ছাত্রীদেরকে ক্লাসমুখী করতে হবে। বিশেষ করে ফাজিল শ্রেণির ছাত্র-ছাত্রীদের ক্লাসমুখী করার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৩. ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বিষয়ের পাশাপাশি আরবি ও ইংরেজিতে দক্ষ করে গড়ে তুলতে হবে।
৪. শিক্ষক ও শিক্ষার্থীদের আইসিটি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
৫. বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই দিয়ে বঙ্গবন্ধু কর্ণারকে সমৃদ্ধ করতে হবে।
৬. ছাত্র-ছাত্রীদের পোশাক ও আদব-আখলাকের প্রতি লক্ষ্য রাখতে হবে।
৭. ফাইল নোটের মাধ্যমে ব্যাংকে লেনদেন করতে হবে।
৮. কলমনার ক্যাশবইতে যথাযথভাবে পূরণ করত: আয়-ব্যয়ের ভাউচারের রসিদ সংযুক্ত করে সংরক্ষণ করতে হবে।
৯. মাদরাসার সাইনবোর্ড ও মাদরাসার প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
১০. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ জাহিরুল ইসলাম) ০৩.০৮.২০২২

প্রভাষক (আরবি)

মোবাইল: ০১৬৮৭ ০৭২৫৬৯

ই-মেইল: zahirkhandu@gmail.com

অধ্যক্ষ,

কাতুলী এমদাদিয়া ফাজিল মাদরাসা

ডাকঘর: কাতুলী, উপজেলা: ফুলপুর, জেলা: ময়মনসিংহ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রংপুর-১১০/২০১৬/১০৫৬৪

তারিখঃ ১৯ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
০৩ আগষ্ট, ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভাইস-চ্যান্সেলর (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ভাইস-চ্যান্সেলর দপ্তর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, কাতুলী এমদাদিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: কাতুলী, উপজেলা: ফুলপুর, জেলা: ময়মনসিংহ।
৭. অফিস নথি।

(মোঃ আবদুল হান্নান)

সেকশন অফিসার

মোবাইল: ০১৮৪২-৮১৬৯২০

ই-মেইল: sabbir.iau.bd@gmail.com